

■■ কুরআন ও সহীহ হাদীসের আলোকে জামা'আতে সালাত আদায় [বিধান, ফ্যীলত, ফায়েদা ও নিয়ম-কানূন]

বিভাগ/অধ্যায়ঃ জামা'আত সংক্রান্ত কিছু গুরুত্বপূর্ণ মাসায়েল রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

জামা আতের কাতার সোজা করা সুন্নাত কিংবা ওয়াজিব:

জামা'আতের কাতার সোজা করা সুন্নাত। তবে কেউ কেউ তা ওয়াজিব বলেও মত ব্যক্ত করেছেন।
নু'মান ইবন বাশীর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিয়মিত
আমাদের কাতারগুলো সোজা করতেন যেন তিনি তীর সোজা করছেন। যতক্ষণ না তিনি বুঝলেন, আমারা
ব্যাপারটি বুঝে ফেলেছি। একদা তিনি সালাতের তাকবীর দিবেন দিবেন এমতাবস্থায় দেখলেন, জনৈক সাহাবীর
ছাতি অন্যদের তুলনায় একটু সামনের দিকে বের হয়ে আছে তখন তিনি সকলকে উদ্দেশ্য করে বললেন:

﴿لَتُسَوُّنَ صَنُفُوفَكُمْ أَوْ لَيُخَالِفَنَ اللهُ بَيْنَ وُجُوهِكُمْ»

"তোমরা সালাতের কাতারগুলো সোজা করবে। নয় তো আল্লাহ তা'আলা তোমাদের মাঝে ভিন্নতা সৃষ্টি করবেন"।[1]

>

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ৭১৭; সহীহ মুসলিম, হাদীস নং ৪৩৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10776

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন